দৈনিক খবর

118

তারিখ 03 DEC 1991
পৃষ্ঠা 6 কলাম 6

27

# ছাত্রলীগের অভিযোগ ছাত্রদলের সন্ত্রাসীরা ক্যাম্পাস পরিস্থিতিকে অশান্ত করে তুলেছে

॥ স্টাফ রিপোর্টার ॥

বাংলাদেশ ছাত্রলীগের (আ-অ) ভারপ্রাপ্ত সভাপতি আহমদ হোসেন ও সাধারণ সম্পাদক অসীম কুমার উকিল ঢাকা বিশ্ববিদ্যালয়ে সৃষ্ট সন্ত্রাসী ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে বলেছেন, ছাত্রদলের সন্ত্রাসীরা ক্যাম্পাসে পরিস্থিতিকে অশান্ত করে তুলছে। ওরা শিক্ষা জীবনকে ধ্বংসে করতে সন্ত্রাস জিইয়েরাখতেচায়। -

ছাত্রলীগ নেতৃবৃন্দ ছাত্রলীগকে জড়িয়ে ছাত্রদলের দেয়া বিবৃতিকে প্রত্যাখ্যান ও প্রতিবাদ করে বলেন, ওরা শাক দিয়ে মাছ ঢাকার চেষ্টা করছে। ছাত্রলীগে কোন আভ্যন্তরীণ কোন্দল নেই। ছাত্রলীগ সন্ত্রাসের রাজনীতিতে বিশ্বাসী নয়। নেতৃবৃন্দ এ ধরনের মিথ্যা বিবৃতি দেয়া হতে বিরত থাকার জন্য ছাত্রদলের প্রতি আহবানজানান।

অপর এক বিবৃতিতে ছাত্রলীগ নেতৃবৃন্দ দিনাজপুরে ছাত্রদল কর্তৃক ছাত্রলীগ নেতা অজয় রায়ের মৃত্যুতে শোক প্রকাশ করেছেন। নেতৃবৃন্দ এই হত্যাকান্ডের সাথে জড়িত ছাত্রদল নেতা-কর্মীদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের দাবীজানিয়েছেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রলীগ (আ-অ) নেতা জসিম উদ্দিন জেমী এক বিবৃতিতে এস এম হলে ছাত্রদল কর্মী মুরাদকে আহত করার ঘটনায় তাকে জড়িয়ে প্রকাশিত সংবাদের প্রতিবাদ করেছেন। তিনি বলেছেন, এ ধরনের কোন ঘটনার সাথে আমি জড়ি ছিলাম না এবং ঘটনাটি আমার জানা নেই। তিনি তার উপর আরোপিত মিথ্যা মামলা প্রত্যাহারেরআহবানজানান।